# আল-হাশর | Al-Hashr | ٱلْحَشْر

আয়াতঃ ৫৯ : ১৭

## আরবি মূল আয়াত:

فَكَانَ عَاقِبَتَهُمَا اَنَّهُمَا فِی النَّارِ خَالِدَیۡنِ فِیۡهَا ؕ وَ ذٰلِكَ جَزٰٓؤُا الظّٰلِمِیۡنَ ﴿۱۷﴾

## অনুবাদসমূহ:

তাদের দু’জনের পরিণতি ছিল এই যে, তারা দু’জনেই জাহান্নামী হবে, সেখানে তারা স্থায়ী হবে; আর এটাই যালিমদের প্রতিদান। — আল-বায়ান

কাজেই তাদের উভয়ের পরিণাম হবে এই যে, তারা চিরকাল জাহান্নামে থাকবে, আর যালিমদের এটাই প্রতিফল। — তাইসিরুল

ফলে উভয়ের পরিণাম হবে জাহান্নাম। সেখানে তারা স্থায়ী হবে এবং এটাই যালিমদের কর্মফল। — মুজিবুর রহমান

So the outcome for both of them is that they will be in the Fire, abiding eternally therein. And that is the recompense of the wrong-doers. — Sahih International

১৭. ফলে তাদের দু'জনের পরিণাম এই যে, তারা দু’জনই জাহান্নামী হবে। সেখানে তারা স্থায়ী হবে এবং এটাই যালিমদের প্রতিদান।

-

তাফসীরে জাকারিয়া

(১৭) ফলে উভয়ের পরিণাম হবে জাহান্নাম। সেখানে তারা স্থায়ী হবে এবং এটাই সীমালংঘনকারীদের কর্মফল। [1]

[1] অর্থাৎ, خلود في النار জাহান্নামের চিরন্তন শাস্তি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5143

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন